

## দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ ছবি-মূর্তি রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

প্রাণীর ছবি ও মূর্তি কেবল সৌন্দর্য বর্ধনের জন্য ঘরে স্থাপন করা বৈধ কি?

ছবি ও মূর্তিতে যেহেতু পৌত্তলিকতা আছে, সেহেতু তা ঘরে ও রাস্তার মোড়ে স্থাপন করা বৈধ নয়। মূর্তি থেকেই পৃথিবীর ইতিহাসে প্রথম মূর্তিপূজা শুরু হয়েছে নূহ (আঃ) এর যুগে। তাই ইসলাম মূর্তি ও মূর্তিপূজার ঘোর বিরোধী। সে জন্যই শরিয়তের নির্দেশ হোল, " কোন (বিচরণশীল প্রাণীর) ছবি বা মূর্তি দেখলেই তা নিশ্চিহ্নকরে দেবে এবং কোন উঁচু কবর দেখলে তা সমান করে দেবে।" (মুসলিম ৯৬৯ নং )

রাসুলুল্লাহ (সঃ) বলেছেন, " কিয়ামতের দিনে ছবি বা মূর্তি নির্মাতাদের সর্বাধিক কঠিন শাস্তি হবে" (বুখারি ৫৯৫০, মুসলিম ২১০৯) ।

সে ঘরে (রহমতের) ফিরিশতা প্রবেশ করেন না, যে ঘরে কুকুর থাকে এবং সে ঘরেও নয়, যে ঘরে ছবি ও মূর্তি থাকে। (বুখারি ও মুসলিম )

Source — https://www.hadithbd.com/books/link/?id=2074

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন